## শব্দকোষ

**Fred Talk** - পড়ার আগে শব্দে বর্ণগুলির স্বর উচ্চারণ করা (ব্লেন্ডিং অর্থাৎ স্বরের মিশ্রণ)

**sound-blending**- বর্ণগুলির স্বর একসাথে জুড়ে একটি শব্দ উচ্চারণ করা, যেমন c–a–t *cat*

**special friends**- একাধিক বর্ণ দিয়ে লেখা স্বর, যেমন **sh**, **ng**, **qu**, **ch**

**Speed Sounds**- আলাদা-আলাদা স্বর যা দিয়ে শব্দ তৈরি হয়



আপনার সন্তানকে অনুপ্রাণিতভাবে গল্প পড়ে শোনান! আপনি যত গল্পটিকে ভালোবাসবেন, আপনার সন্তান ততটাই পড়তে ভালোবাসবে।

পুস্তিকা 2 আপনাকে দেখায় যে আপনি কিভাবে আপনার সন্তানকে পড়ার অভ্যাস করতে সাহায্য করতে পারেন:

- Sets 2 এবং 3 Speed Sounds
- গোলাপি, কমলা, হলুদ, নীল এবং ধূসর Storybooks।

https://www.ruthmiskin.com/en/find-out-more/parents/ -এ অনেক ভিডিও আছে যা আপনাকে আপনার সন্তানের সাহায্য করার জন্য সাহায্য করতে পারে।

*Read Write Inc.* সম্পর্কে আরও তথ্য জানার জন্য, অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলে *Read Write Inc.*-এর ম্যানেজারের সাথে কথা বলুন কিংবা www.readwriteinc.com দেখুন।

OXFORD UNIVERSITY PRESS

web www.oxfordprimary.co.uk
email primary.enquiries@oup.com
tel. +44 (0) 1536 452610

www.oup.com

Read Write Inc. Phonics

# বাসায় পড়া

## পুস্তিকা 2

আপনার সন্তান *Read Write Inc. Phonics*-এর সাথে পড়তে শিখছে, যা হল একটি খুবই জনপ্রিয় এবং সফল সাক্ষরতা প্রোগ্রাম। এই **দ্বিতীয় পুস্তিকা** আপনাকে দেখায় যে আপনি কিভাবে আপনার সন্তানের পড়তে পারার ক্ষমতা দ্রুত শুরু করতে পারেন।

আপনার সন্তান খুবই সহজভাবে পড়তে শিখবে। ও এইগুলি শিখবে:

1. ও *বর্ণগুলিকে* তাদের 'স্বরের' মাধ্যমে পড়বে
2. এই স্বরগুলিকে *শব্দে* পরিণত করবে
3. একটি **গল্পে** শব্দগুলিকে পড়া।



OXFORD

## আমার সন্তান কিভাবে পড়তে শিখবে?

আপনার সন্তান ইতিমধ্যে এগুলিকে পড়তে শিখেছে:

- Set 1 Speed Sounds: এগুলি হচ্ছে স্বর যা একটি বর্ণ দিয়ে লেখা হয়: **m a s d t i n p g o c k u b f e l h r j v y w z x** এবং দুইটি বর্ণ দিয়ে লেখা স্বর (আপনার সন্তান এগুলিকে 'special friends' বলবে): **sh th ch qu ng nk ck**
- sound-blending-এর মাধ্যমে এমন সকল শব্দ যাতে এই স্বর রয়েছে, যেমন m–a–t *mat*, c–a–t *cat*, g–o–t *got*, f–i–sh *fish*, s–p–o–t *spot*, b–e–s–t *best*, s–p–l–a–sh *splash*
- স্বর মিশ্রণের বই এবং লাল, সবুজ এবং বেগুনি রঙের Storybooks।

এখন ও এইগুলি পড়তে শিখবে:

- Set 2 Speed Sounds: **ay ee igh ow oo oo ar or air ir ou oy**
- এই স্বর যুক্ত শব্দ
- গোলাপি, কমলা এবং হলুদ Storybooks।

তারপর, ও এইগুলি পড়তে শিখবে:

- Set 3 Speed Sounds: **ea oi a-e i-e o-e u-e aw are ur er ow ai oa ew ire ear ure**
- এই স্বর যুক্ত শব্দ
- নীল এবং ধূসর Storybooks।



## *কিভাবে আপনার সন্তানকে পড়তে শুনবেন*



- আপনার সন্তান আপনাকে পড়ে শোনানোর আগে কিন্তু বইটিকে জোরে জোরে পড়বেন না।
- গল্প পড়ার আগে আপনার সন্তানকে স্বর ও শব্দগুলিকে পড়তে বলুন।
- আপনার সন্তান যখন গল্প পড়ে, তখন তাকে সেই শব্দগুলির স্বর উচ্চারণ করতে বলুন যা সে স্বয়ংক্রিয়ভাবে পড়তে পারছে না। আপনার সন্তানকে খুব একটা বেশি সংগ্রাম করতে দেবেন না। সাফল্য অর্জন করলে আপনার সন্তানের প্রশংসা করুন।
- গল্পটিকে চালিয়ে যাওয়ার জন্য প্রত্যেকটি বাক্য বা পৃষ্ঠা ফেরত পড়ুন। (আপনার সন্তান গল্প নয় বরং শব্দগুলিকে পড়ার দিকে তার সম্পূর্ণ মনোযোগ দিচ্ছে।)
- আপনার সন্তানকে ছবি দেখে শব্দটিকে অনুমান করতে বলবেন না।
- সবকিছু ধীরে সুস্থে এবং স্নেহে করুন!

স্কুলে প্রত্যেক দিন আমাদের স্টোরি টাইম হয় সুতরাং বাচ্চারা গল্প ভালোবাসতে শুরু করে। আমরা আশা করি যে আপনি ও তাই করবেন এবং রোজ ঘুমাতে যাওয়ার আগে আপনার সন্তানের সাথে একটি গল্পের বই পড়বেন। স্কুলে আমাদের কাছে অপূর্ব বই আছে যা আপনি ধার নিতে পারেন।

## 2. আপনার সন্তানকে Storybooks পড়তে সাহায্য করুন

### সাদাকালো Storybooks

আপনার সন্তান *Read Write Inc. Phonics* -এর সাদাকালো Storybook বাসায় আনা চালিয়ে যাবে। এটি হচ্ছে সেই রঙিন বইয়ের একটি কপি যা ও স্কুলে পড়ছে।

আপনার সন্তান তাদের রিডিং শিক্ষকের সাথে এই গল্পটিকে ইতিমধ্যে তিন বার পড়েছে, সুতরাং তাদের এই গল্পটিকে আত্মবিশ্বাসের সাথে পড়তে পারা উচিত।





ক্রিয়াগুলিকে কিভাবে অনুসরণ করতে হবে সেই বিষয়ে এই বইগুলিতে একটি সংক্ষিপ্ত ব্যাখ্যা দেওয়া থাকবে।

### Book Bag Books

আপনার সন্তান একটি Book Bag Book ও বাসায় নিয়ে আসতে পারে। ও সবেমাত্র Storybook তে যে সমস্ত ধারণা এবং শব্দগুলিকে পড়েছে সেগুলিকে এই বইতে আরও গড়ে তোলা হয়। এই বইটিকে পড়ার জন্য আপনার সন্তানের আরও সাহায্যের প্রয়োজন হবে।

আবার, ক্রিয়াকলাপগুলিকে কিভাবে অনুসরণ করতে হবে সেই বিষয়ে এই বইগুলিতে ব্যাখ্যা দেওয়া থাকবে।








## 1. আপনার সন্তানকে Sets 2 এবং 3 Speed Sounds পড়তে সাহায্য করা

আপনার সন্তান Set 2 বা Set 3 Speed Sounds কার্ড বা একটি *My Sets 2 and 3 Speed Sounds Book* বাসায় নিয়ে আসবে।

স্বরটি মনে রাখতে আপনার সন্তানের সাহায্য করার জন্য প্রত্যেকটি স্বরের একটি ছবি এবং শব্দগুচ্ছ আছে। উদাহরণস্বরূপ:

- স্বর 'ay' এর সাথে 'May I play?' শব্দগুচ্ছ দেওয়া রয়েছে এবং তার সাথে শিশুদের একসঙ্গে খেলার ছবি দেওয়া রয়েছে
- স্বর 'ee' এর সাথে 'What can you see?' শব্দগুচ্ছ দেওয়া রয়েছে আর একটি গাছে দুইটি ছেলের ছবি দেওয়া রয়েছে।






## Set 2 Speed Sounds কার্ডগুলিকে ব্যবহার করা

প্রথমে, প্যাকে, এই স্বরগুলিকে খুঁজুন: **ay ee igh ow oo**

1. ছবির দিকটিকে সামনে রেখে, আপনার সন্তানকে প্রত্যেকটি কার্ডে লেখা শব্দগুচ্ছ বলতে বলুন, আর প্রত্যেক বার সেটা আরও দ্রুত বলতে বলুন।
2. আপনার সন্তানকে বর্ণের দিকে স্বরটি উচ্চারণ করতে বলুন, আর প্রত্যেক বার সেটি আরও দ্রুত বলতে বলুন। যদি ও ভুলে যায় তাহলে আবার ছবির দিকে চলে যান। যখন আপনার সন্তান যাচাই করার জন্য কার্ডটিকে না পাল্টিয়ে স্বরটিকে উচ্চারণ করতে পারে, তখন উচ্চারণের গতি আরও দ্রুত করুন!
3. এই স্বরগুলির সাথে আবার এটা করুন: ***oo*** **ar or air ir ou oy** এবং তারপর এই সাউন্ড কার্ডগুলিকে উক্ত কার্ডগুলির সঙ্গে মিশিয়ে দিন। যতক্ষণ না আপনর সন্তান এই 12টি স্বর দ্রুত এবং নিশ্চিতভাবে বলতে না পারে ততক্ষণ অভ্যাস করা চালিয়ে যান।




ক্লাসরুমে স্পিড সাউন্ডগুলিকে শেখা।




## Set 3 Speed Sounds কার্ডগুলিকে ব্যবহার করা

প্রথমে, প্যাকে, এই স্বরগুলিকে খুঁজুন: **ea oi a-e i-e o-e u-e**

1. ছবির দিকটিকে সামনে রেখে, আপনার সন্তানকে প্রত্যেকটি কার্ডে লেখা শব্দগুচ্ছ বলতে বলুন, আর প্রত্যেক বার সেটা আরও দ্রুত বলতে বলুন।
2. আপনার সন্তানকে বর্ণের দিকে স্বরটি উচ্চারণ করতে বলুন, আর প্রত্যেক বার সেটি আরও দ্রুত বলতে বলুন। যদি ও ভুলে যায় তাহলে আবার ছবির দিকে চলে যান। যখন আপনার সন্তান যাচাই করার জন্য কার্ডটিকে না পাল্টিয়ে স্বরটিকে উচ্চারণ করতে পারে, তখন উচ্চারণের গতি আরও দ্রুত করুন!
3. এই স্বরগুলির সাথে আবার এটা করুন: **aw are ur er ow ai oa ew** এবং তারপর এই সাউন্ড কার্ডগুলিকে উক্ত কার্ডগুলির সঙ্গে মিশিয়ে দিন। যতক্ষণ না আপনর সন্তান এই 14টি স্বর দ্রুত এবং নিশ্চিতভাবে বলতে না পারে ততক্ষণ অভ্যাস করা চালিয়ে যান।
4. এই স্বরগুলির জন্য আবার উক্ত পদক্ষেপগুলি অনুসরণ করুন: **ire ear ure**

## My Sets 2 এবং 3 Speed Sounds বইগুলিকে ব্যবহার করা

আপনার সন্তানকে বইটির পাতা পাল্টিয়ে দেখতে এবং সে যত দ্রুত পারে স্বরগুলিকে উচ্চারণ করতে বলুন। যদি কোনও একটি স্বর উচ্চারণ করতে আপনার সন্তান দ্বিধা বোধ করে, তাহলে মনে করিয়ে দেওয়ার জন্য ছবিটি পিছন দিকে রয়েছে। আপনার সন্তান একই পৃষ্ঠায় স্বরটিকে লেখার অভ্যাস ও করতে পারে।




*My Sets 2 and 3 Speed Sounds Book* -এর স্বরগুলিকে পড়া এবং লেখার অভ্যাস করুন।